



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



২৪৫০২

নং- বামাশিবো/প্রশাসন/কুড়িগ্রাম-১৭৬/১০১১/৪

তারিখঃ ২০/০৮/২০১৯খ্রিঃ

বিষয়ঃ জনাব মোঃ সাইফুল ইসলাম সরকারকে (সাময়িক বরখাস্তকৃত সুপার) স্বপদে বহাল প্রসঙ্গে।

- সূত্রঃ
- ১) নং- বামাশিবো/প্রশাসন/কুড়িগ্রাম-১৭৬/৭৫০/৩; তারিখঃ ১২/০৯/২০১৭খ্রিঃ।
 - ২) নং- বামাশিবো/প্রশা/কুড়িগ্রাম-১৭৬/৭২০/৩; তারিখঃ ০৮/০৮/২০১৭খ্রিঃ।
 - ৩) স্মারক নং- ০৫.৪৭.৪৯৫২.০২.০০৫.০২৬.১৭-৬৬৭; তারিখঃ ১৮ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ।
 - ৪) নং- বামাশিবো/প্রশা/কুড়িগ্রাম-১৭৬/৪৮/৩; তারিখঃ ১১/০১/২০১৭খ্রিঃ।
 - ৫) মহামান হাইকোর্ট ডিভিশনের রিট পিটিশন নং-১৯৫/২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার সদর উপজেলাধীন আমিন উদ্দিন আহমেদ দ্বিমুখী দাখিল মাদ্রাসার ভারপ্রাপ্ত সুপার মোঃ মোফাজ্জল হক ও ম্যানেজিং কমিটির সভাপতির বিরুদ্ধে দাতা ও প্রতিষ্ঠাতা সদস্য (প্রাক্তন সেক্রেটারী) জনাব মোঃ কাদিমুল ইসলাম খন্দকার একখানা অভিযোগপত্র দাখিল করেন। অভিযোগপত্রে অবৈধভাবে সুপারকে বরখাস্ত করা, বেতন-ভাতা প্রদান না করা, প্রকৃত প্রতিষ্ঠাতা/দাতা সদস্যকে বাদ দিয়ে অন্য একজনকে সভাপতি হিসাবে নির্বাচিত করাসহ বিভিন্ন অনিয়মের বিষয়ে উল্লেখ করা হয়।

অভিযোগের বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, সদর, কুড়িগ্রামকে সূত্রে উল্লিখিত ৪নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, সদর, কুড়িগ্রাম তদন্ত পূর্বক সূত্রোক্ত ৩নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, জনাব মোঃ সাইফুল ইসলাম সরকার (সাময়িক বরখাস্তকৃত সুপার) এর বরখাস্তের আদেশ যথার্থ হয়নি মর্মে উল্লেখ করা হয়।

এ বিষয়ে সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা ও সমর্থনীয় কাগজপত্র ১০ (দশ) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য মাদ্রাসার ভারপ্রাপ্ত সুপারকে সূত্রে উল্লিখিত ২নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে তিনি কোন জবাব বা সমর্থনীয় কাগজপত্র বোর্ডে দাখিল করেননি।

বোর্ডের আদেশ অমান্য করা এবং দায়িত্ব পালনে অবহেলার কারণে কেন তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না তার সন্তোষজনক জবাব দাখিল করার জন্য ভারপ্রাপ্ত সুপারকে সূত্রোক্ত ১নং স্মারকে কারণ দর্শানো হলে ভারপ্রাপ্ত সুপার জনাব মোঃ মোফাজ্জল হক যে জবাব দাখিল করেছেন তা বোর্ড কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক প্রতীয়মান না হওয়ায় জনাব মোঃ সাইফুল ইসলাম সরকারকে (সাময়িক বরখাস্তকৃত সুপার) পত্র প্রাপ্তির ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে স্বপদে বহাল করে অত্র বোর্ডকে অবহিত করার জন্য নির্দেশ প্রদান করা হয়েছিল। ভারপ্রাপ্ত সুপার উক্ত নির্দেশনা অমান্য করায় সূত্রোক্ত ০৫ নং স্মারকের মাধ্যমে জনাব মোঃ সাইফুল ইসলাম সরকার (সাময়িক বরখাস্তকৃত সুপার) কে পত্র প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে বোর্ডের নির্দেশনা বাস্তবায়নের নির্দেশ প্রদান করেছেন।

মহামান হাইকোর্ট ডিভিশনের আদেশ বাস্তবায়নের লক্ষ্যে অত্র পত্র প্রাপ্তির তারিখ থেকে জনাব মোঃ সাইফুল ইসলাম সরকার (সাময়িক বরখাস্তকৃত সুপার) সুপারের দায়িত্ব পালন করবেন মর্মে সংশ্লিষ্ট সকলকে এতদ্বারা অবহিত করা হলো।

উল্লেখ্য, ভারপ্রাপ্ত সুপার অত্র পত্র প্রাপ্তির পর ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে তার দায়িত্বকালীন সময়ের সকল কাগজপত্র সুপারকে বুঝিয়ে দিবেন এবং সুপার জনাব মোঃ সাইফুল ইসলাম সরকার প্রতিষ্ঠানের পাসওয়ার্ড পরিবর্তনের জন্য এবং অনলাইনে এডহক কমিটি গঠনের নিমিত্ত আবেদন করবেন।

বিষয়টি অতীব জরুরী

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

স্বাঃ

মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ জনাব মোঃ সাইফুল ইসলাম সরকার, সুপার, আমিন উদ্দিন আহমেদ দ্বিমুখী দাখিল মাদ্রাসা সদর, কুড়িগ্রাম।

নং- বামাশিবো/প্রশাসন/কুড়িগ্রাম-১৭৬/১০১১/৪

তারিখঃ ২০/০৮/২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, সদর, কুড়িগ্রাম।
২. জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম।
৩. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. অফিস কপি।

মোঃ ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪